তারিখ 27 APR 2016
পৃঃ … কলাম …

কালের কণ্ঠ

### বাগেরহাটে ধর্মীয় অনুভূতিতে আঘাত

# দুই শিক্ষকের ৬ মাসের জেল

**বাগেরহাট প্রতিনিধি ▷**

ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়ার দায়ে বাগেরহাটের চিতলমারী উপজেলার হিজলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানসহ দুই শিক্ষককে ছয় মাসের জেল দেওয়া হয়েছে।

গত সোমবার বিকেলে চিতলমারী উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আনোয়ার পারভেজের ভ্রাম্যমাণ আদালত এ দণ্ডাদেশ দেন। পরে ওই দুজনকে বাগেরহাট জেলা কারাগারে পাঠানো হয়।

দণ্ডপ্রাপ্তরা হলেন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক কৃষ্ণ পদ মহলী (৪৬) ও বিজ্ঞান বিভাগের শিক্ষক অশোক কুমার ঘোষাল (৫৪)। কৃষ্ণর বাড়ি পাশের মোল্লাহাট উপজেলার কোদালিয়া এবং অশোকের বাড়ি চিতলমারী উপজেলার কুড়ালতহলা গ্রামে।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক মো. আনোয়ার পারভেজ জানান, শিক্ষক অশোক গত রবিবার দশম শ্রেণির বিজ্ঞান ক্লাস চলাকালে হজরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে কটূক্তি করেন। বিষয়টি শিক্ষার্থী এবং অভিভাবকরা বিদ্যালয়ের প্রধান শিক্ষককে জানান। কিন্তু প্রধান শিক্ষক বিজ্ঞান শিক্ষকের পক্ষ নেন। এতে শিক্ষার্থী, অভিভাবক এবং স্থানীয় লোকজন ক্ষুব্ধ হয়ে ওঠে। একপর্যায়ে তারা ওই দুই শিক্ষককে লাঞ্ছিত করে এবং বিদ্যালয়ের কক্ষে অবরুদ্ধ করে রাখে। পরে দুজনকে উদ্ধার করে ভ্রাম্যমাণ আদালতে আনা হয়। দুজন দোষ স্বীকার করায় দণ্ডবিধির ২৯৮ ধারায় ছয় মাসের কারাদণ্ডের আদেশ দেওয়া হয়।